**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 18-12-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থার প্রতি জনগনের আস্থা দিন দিন বৃদ্ধি পাচ্ছে।**
**(২) পরিবেশ বান্ধব "প্ল্যাস্টিক মুক্ত ঊনকোটি অভিযান" আজ থেকে শুরু হয়েছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে অর্ডার অফ ওমান সম্মানে ভূষিত করা হয়েছে।**

**(৪) ত্রিপুরা ও গুজরাটের মধ্যে বিজয় মার্চেন্ট ট্রফি অনূর্ধ্ব ১৬ বছরের ক্রিকেটের তিনদিনের খেলা আজ থেকে কর্ণাটকে শুরু হয়েছে।**

*************************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থার প্রতি জনগনের আস্থা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। বর্তমানে রাজ্যে প্রায় ৮২ শতাংশ মানুষ সরকারি স্বাস্থ্য পরিষেবা গ্রহণ করছেন। যা উন্নত স্বাস্থ্য ব্যবস্থার প্রতিফলন। আজ মুক্তধারা অডিটোরিয়ামে আগরতলা সরকারি ডেন্টাল কলেজের তৃতীয় প্রতিষ্ঠা দিবস উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, রাজ্যের একমাত্র সরকারি ডেন্টাল কলেজ স্থাপন রাজ্যবাসীর বহুদিনের প্রত্যাশা ও স্বপ্ন পূরণের একটি ঐতিহাসিক মাইলফলক। এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী পুরোনো আই.জি.এম হাসপাতাল ভবনের ভূমিকম্প প্রতিরোধকমূলক সংস্কার ও পুনরুদ্ধার কাজের উদ্বোধন করেন এবং আগরতলা সরকারি ডেন্টাল কলেজ ও আই.জি.এম হাসপাতালের নতুন ভবনের ভূমিপূজন অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, আগরতলার এই ডেন্টাল কলেজ আজ সারা দেশব্যাপী সমাদৃত। ২০২৩-২৪ শিক্ষাবর্ষ থেকে কলেজটিতে ৫০ জন ছাত্রছাত্রী নিয়ে বি.ডি.এস কোর্সে পঠনপাঠন শুরু হয়। বর্তমানে আসন সংখ্যা বেড়ে হয়েছে ৬৩। বক্তব্য রাখেন স্বাস্থ্য সচিব কিরণ গিত্যে, ডেন্টাল কলেজের অধ্যক্ষা ডা. শালু রাই।

অনুষ্ঠানে ডেন্টাল কলেজের বিভিন্ন বর্ষে সাফল্য অর্জনকারী ছাত্রছাত্রীদের হাতে মুখ্যমন্ত্রী স্মারক উপহার এবং শংসাপত্র তুলে দেন। উল্লেখ্য, কেন্দ্রীয় সরকারের ডোনার মন্ত্রকের অধীনে পি.এম. ডিভাইন স্কিমে ২০২ কোটি টাকা ব্যয়ে এই আধুনিক ডেন্টাল কলেজ তৈরি করা হবে। এই প্রকল্পের আওতায় একটি একাডেমিক ও প্রশাসনিক ব্লক নির্মাণের পাশাপাশি ২৫০ শয্যাবিশিষ্ট বয়েজ ও গার্লস হোস্টেল গড়ে তোলা হবে। কলেজে ইউ.জি. ও পি.জি, রেডিওলজি ইউনিট, ফার্মেসি, সেমিনার হল, অডিটোরিয়াম সহ আধুনিক শিক্ষা ও চিকিৎসার সুযোগ সুবিধা থাকবে।

***************************

**Plastic Free-Unakoti :**

পরিবেশ বান্ধব "প্ল্যাস্টিক মুক্ত ঊনকোটি অভিযান" আজ থেকে গোটা ঊনকোটি জেলাতে শুরু হয়েছে। এই উপলক্ষ্যে ৫০ হাজার বর্জ্য ফেলার বিন স্থাপন করা হয়েছে। এই কর্মসূচি উপলক্ষ্যে আজ কৈলাশহরের গৌরনগর বাজারে আয়োজিত অনুষ্ঠানে ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ  বলেন, প্ল্যাস্টিক বর্জ্য মুক্ত ঊনকোটি জেলা গঠনে এই ব্যতিক্রমী প্রয়াস। বর্জ্য থেকে প্রক্রিয়াকরণের মাধ্যমে সামগ্রী তৈরি করার উদ্যোগ নেওয়া হয়েছে। প্ল্যাষ্টিক মুক্ত ঊনকোটি গঠনে তিনি সবার সহযোগিতা কামনা করেন। বক্তব্য রাখেন গৌরনগর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান মোঃ বদরুজ্জামান, স্বচ্ছ ভারত (গ্রামীণ) এর রাজ্য মিশন অধিকর্তা কুন্তল দাস, জেলাশাসক ডক্টর তমাল মজুমদার প্রমুখ।

*****************************

**Brick-Accident :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা জানিয়েছেন, ধলাই জেলার কমলপুরে গতকাল একটি ইটভাটায় চিমনি ভেঙে ও অগ্নিদগ্ধ হয়ে নিহতদের পরিবারকে ও আহতদের আর্থিক সহায়তা প্রদানের সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। এরজন্য মোট ২৫ লক্ষ ১৬ হাজার টাকা মঞ্জুর করা হয়েছে। এই ঘটনায় নিহত ৫ জনের প্রত্যেক পরিবারকে ৪ লক্ষ টাকা করে, আহতদের প্রত্যেককে আড়াই লক্ষ টাকা করে আর্থিক সহায়তা দেওয়া হবে।

শ্রমমন্ত্রী টিঙ্কু রায় আজ কমলপুরে ইটভাটায় ঘটনাস্থল পরিদর্শন করেন। তিনি জানান, শ্রমদপ্তরের পক্ষ থেকেও ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে আর্থিক সহায়তা প্রদান করা হবে।

****************************

**CM-Meeting :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ উত্তরপূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়ার সঙ্গে ভার্চুয়াল মাধ্যমে এক পর্যালোচনা বৈঠকে অংশ নেন। বৈঠকে উত্তর পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রীর সামনে মাতাবাড়ি পর্যটন সার্কিট প্রকল্পটি উপস্থাপন করা হয়। মুখ্যমন্ত্রী জানান মোট ৪৫১ কোটি টাকা মূল্যের ২১টি প্রকল্প অনুমোদিত হয়েছে - যার মধ্যে ২৬৭ কোটি ৫ লক্ষ টাকা রাজ্য সরকার, পর্যটন মন্ত্রক এবং পিপিপি মোডের মাধ্যমে অর্থায়ন করা হবে।

****************************

**PM-DIVINE :**

উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রকের প্রতিমন্ত্রী ডঃ সুকান্ত মজুমদার আজ রাজ্যসভায় এক প্রশ্নের জবাবে জানান, প্রাইম মিনিস্টারস ডেভলপমেন্ট ইনিশিয়েটিভ ফর নর্থ ইস্ট অর্থাৎ পিএম-ডিভাইন প্রকল্পের অধীনে সড়ক, স্বাস্থ্য এবং স্টার্টআপ ইকোসিস্টেম সহ ৪৪টি প্রকল্পের জন্য ত্রিপুরার জন্য এ পর্যন্ত মোট ৫ হাজার ৭১৮ কোটি ৭৯ লক্ষ টাকা অনুমোদন দেওয়া হয়েছে। উল্লেখ্য, পিএম ডিভাইন প্রকল্পটি ২০২২ সালের অক্টোবর মাস থেকে চালু হয়েছে।

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**PM, Oman :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে অর্ডার অফ ওমান সম্মানে ভূষিত করা হয়েছে। আজ মাস্কাটের রাজপ্রাসাদে এক অনুষ্ঠানে ভারত-ওমান সম্পর্কের ক্ষেত্রে ব্যতিক্রমী অবদান এবং দূরদর্শী নেতৃত্বের জন্য ওমানের সুলতান হাইথাম বিন তারিক প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে 'অর্ডার অফ ওমান' পুরস্কারে ভূষিত করেছেন।

দুই দেশের মধ্যে কূটনৈতিক সম্পর্কের ৭০ বছর পূর্তি উপলক্ষে প্রধানমন্ত্রীর ওমান সফরের সময় এই সম্মান প্রদান এই অনুষ্ঠান এবং কৌশলগত অংশীদারিত্বের জন্য বিশেষ তাৎপর্যপূর্ণ।

প্রধানমন্ত্রী এই সম্মাননা দুই দেশের মধ্যে বহু পুরনো বন্ধুত্বের প্রতি উৎসর্গ করেছেন এবং এটিকে ভারতের ১.৪ বিলিয়ন মানুষ এবং ওমানের জনগণের মধ্যে উষ্ণতা এবং স্নেহের প্রতি শ্রদ্ধাঞ্জলি বলে অভিহিত করেছেন।

এর আগে, ভারত ও ওমান আজ ব্যাপক অর্থনৈতিক অংশীদারিত্ব চুক্তি – CEPA স্বাক্ষরের মাধ্যমে তাদের দ্বিপাক্ষিক অর্থনৈতিক সম্পর্কের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক অর্জন করেছে।

২০ বছর পর এটি ওমানের সঙ্গে দ্বিতীয় মুক্ত বাণিজ্য চুক্তি যা সরাসরি প্রমাণ করে যে ওমান ভারতকে বন্ধুত্বপূর্ণ দেশ হিসেবে কতটা গুরুত্ব দেয়। এটি আরও কর্মসংস্থান সৃষ্টি করবে, ব্যবসার জন্য উন্নত বাজার প্রবেশাধিকার এবং উভয় দেশের জন্য বৃহত্তর অর্থনৈতিক সুযোগ তৈরি করবে। উভয় পক্ষ সামুদ্রিক ঐতিহ্য, শিক্ষা, কৃষি এবং বাজরা চাষের ক্ষেত্রেও সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে।

এর আগে, ভারত ও ওমানের শিল্প প্রতিনিধিদের অংশগ্রহণে অনুষ্ঠিত বিজনেস ফোরামে প্রধানমন্ত্রী মোদী অর্থনৈতিক সম্পর্ক আরও গভীর করার সমৃদ্ধ সম্ভাবনার কথা তুলে ধরেন। তিনি ওমানের ব্যবসা প্রতিষ্ঠানগুলিকে ভারতে বিনিয়োগ এবং উদ্ভাবনের জন্য আমন্ত্রণ জানান।প্রধানমন্ত্রী মাস্কাটে ভারতীয় সম্প্রদায়ের সদস্যদের একটি বিশাল সমাবেশেও ভাষণ দেন। দর্শকদের মধ্যে বিভিন্ন ভারতীয় স্কুলের ৭০০ জনেরও বেশি শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

********************************

**G RAM G :**

রাজ্যসভায় বিকশিত ভারত জি র‍্যাম জি বিল 2025 নিয়ে আলোচনা শুরু হয়েছে। এই আইনের অধীনে, প্রতিটি গ্রামীণ পরিবারের প্রাপ্তবয়স্ক সদস্যদের স্বেচ্ছায় অদক্ষ কায়িক শ্রম গ্রহণের জন্য প্রতি আর্থিক বছরে একশ পঁচিশ দিনের মজুরি কর্মসংস্থানের একটি বিধিবদ্ধ গ্যারান্টি প্রদান করা হবে।

কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রী শিবরাজ সিং চৌহান বিলটি সংসদে উত্থাপন করেন। আলোচনার শুরুতে কংগ্রেসের মুকুল ওয়াসনিক বিলটির বিরোধিতা করে, দাবি করেন যে এটি কোটি কোটি মানুষের উপর বিরূপ প্রভাব ফেলবে।

উল্লেখ্য আজ লোকসভায় "বিকশিত ভারত - রোজগার ও আজিবিকা মিশনের গ্যারান্টি গ্রামীণ বা বিকশিত ভারত - জি রাম জি বিল ২০২৫" পাস হয়েছে।

*****************************

**Package Story-G Ram G :**

গ্রামীণ মানুষের জীবনযাত্রা আরও সুরক্ষিত ও স্বনির্ভর করে তলার লক্ষ্যেই বিকশিত ভারত-জি রাম জি বিল ২০২৫। গ্রামীণ কর্মসংস্থান ও জীবিকা ব্যবস্থাকে সময়োপযোগী করে তুলতেই এই নতুন উদ্যোগ। এই নিয়ে একটি প্রতিবেদন।

#######VC######

******************************

**Agriculture Minister-Review Meeting**

কৃষিমন্ত্রী রতন লাল নাথের পৌরহিত্যে আজ আগরতলায় প্রজ্ঞা ভবনে প্রধানমন্ত্রী কৃষি সিচাই যোজনার উপর পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকের পর কৃষিমন্ত্রী বলেন, বৃষ্টির জলকে ধরে রেখে কিভাবে কৃষি কাজ বাড়ানো যায় এবিষয়ে বৈঠকে বিস্তারিত আলোচনা হয়েছে। বৈঠকে রাজ্যের আট জেলার জিলা সভাধিপতি, সহ-সভাধিপতি ও কৃষি দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

***************************

**GMP LOP :**

দক্ষিন জেলার পতিছড়ির মুড়াসিং পাড়ায় আজ ত্রিপুরা রাজ্য উপজাতি গনমুক্তি পরিষদের পঞ্চম শান্তিরবাজার মহকুমা সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে রাজ্য সরকার ও এডিসি প্রশাসনের সমালোচনা করে বক্তব্য রাখেন বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী, এডিসির প্রাক্তন মুখ্য কার্য নির্বাহী সদস্য রাধাচরন দেববর্মা, প্রাক্তন বিধায়ক সুধন দাস প্রমুখ।

****************************

**Vijay Merchant :**

ত্রিপুরা ও গুজরাটের মধ্যে বিজয় মার্চেন্ট ট্রফি অনূর্ধ্ব ১৬ বছরের ক্রিকেটের তিনদিনের খেলা আজ থেকে কর্ণাটকে শুরু হয়েছে। শিমোগার কে এস সি এ নাভুলা মাঠে টসে জিতে ব্যাট করেতে নেমে রাজ্যদল প্রথম ইনিংসে প্রথম দিনের শেষে ৪ উইকেট হারিয়ে ১৭৫ রান করে। রাজ্যদলের রাজদীপ দেবনাথ ৯২ রান করে।

****************************

**Cooch Behar Trophy :**

অনূর্ধ্ব ১৯ বছরের কোচবিহার ট্রফি ক্রিকেটের চারদিনের খেলায় বিহারের কাছে ৩৩৭ রানে ত্রিপুরা পরাজিত হয়েছে। এম বি বি স্টেডিয়ামে আজ তৃতীয় দিনে রাজ্যদল দ্বিতীয় ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ১৮২ রান সংগ্রহ করতে সক্ষম হয়। এর আগে বিহার ৭ উইকেটে ২৩৭ রানে দ্বিতীয় ইনিংসে সমাপ্তির ঘোষনা দেয়। এম্যাচে বিহারের ৩৮০ রানের জবাবে রাজ্যদল প্রথম ইনিংসে মাত্র ৯৮ রান করেছিল।

****************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালে পশ্চিম জেলা, ধলাই, খোয়াই, ঊনকোটি ও উত্তর ত্রিপুরার কিছু স্থানে ঘন কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০.৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪.২ ডিগ্রি সেলসিয়াস।

****************************